

বাংলা ভাইয়ের বাহিনীর হাতে অপহৃত আরো একজনের লাশ উদ্ধার

নওগাঁ প্রতিনিধি

বাংলা ভাইয়ের ক্যাডারদের হাতে অপহৃত নওগাঁর রানীনগরে সিদ্দা গ্রামের যুবলীগ নেতা ইদ্রিস আলী ওরফে খেজুরের (২৭) খণ্ডিত লাশ উপজেলার ভেটী গ্রাম থেকে গতকাল শুক্রবার উদ্ধার করা হয়েছে। গত ১৯ মে আবদুল কাইয়ুম বাদশা, খায়রুল বাশার, ইদ্রিস আলী খেজুর ও আঃ বারিককে অপহরণ করা হয়।

পুলিশ রানীনগরের ভেটী গ্রামে একটি কালভার্টের নিচ থেকে যুবলীগ নেতা ইদ্রিস আলীর বিকৃত লাশ উদ্ধার করে। পুলিশ জানায়, নিহতের মাথা ও দুই পা শরীর থেকে বিচ্ছিন্ন করে পুঁতে রাখা ছিল। অভিভাবকরা লুঙ্গি ও বুকের কালো দাগ থেকে লাশ শনাক্ত করে।

এ ব্যাপারে রানীনগর থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে। মামলার বাদী ইদ্রিস আলীর বোন নিলীমা আক্তার এজাহারে বলেন, সর্বহারাবিরোধী কে বা কারা তার ভাইকে গত ১৯ মে অপহরণ করে।

উল্লেখ্য, অপর অপহৃতদের মধ্যে বাদশার ঝুলন্ত লাশ বগুড়ার নন্দীগ্রাম উপজেলার বামনগাঁও এলাকা থেকে উদ্ধার করা হয়। বাশারকে রানীনগর পুলিশ অচেতন অবস্থায় উদ্ধার করে এবং আঃ বারিককে ক্যাডাররা ছেড়ে দেয়।
